



কাজী নজরুল বিশ্ববিদ্যালয়
আসানসোল

১২৫^{তম} নজরুল জন্মজয়ন্তী ও ৪৪^{তম} নজরুল মেলা

Ref. No. KNU/NM/2024/P&R/01

Date: 09/02/2024

বিজ্ঞপ্তি

কাজী নজরুল বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে ও পরিচালনায় চুরুলিয়ায় '১২৫^{তম} নজরুল জন্মজয়ন্তী ও ৪৪^{তম} নজরুল মেলা' বিগত বছরের ন্যায় অনুষ্ঠিত হবে। এই সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য একক বা সমবেতভাবে ইচ্ছুক কণ্ঠশিল্পী / আবৃত্তি / নজরুল সংগীতের ভাবানুসারী নৃত্য এবং নজরুলের নাটক, বিষয়ে বিশ্ববিদ্যালয় অডিশনের ব্যবস্থা গ্রহণ করেছে। এই অডিশনে আবেদন করার জন্য একক শিল্পী / সাংস্কৃতিক প্রতিষ্ঠান / সাংস্কৃতিক গোষ্ঠি, সাদা কাগজে নিজের / সাংস্কৃতিক প্রতিষ্ঠানের নাম, সম্পূর্ণ ঠিকানা, পরিচয় পত্র, e-mail address, যোগাযোগের নম্বর (দূরভাষ / চলভাষ) উল্লেখ করে আবেদন করতে পারেন। প্রসঙ্গত উল্লেখ্য এই অনুষ্ঠানে নজরুল সংগীত ও নজরুল কবিতা ভিন্ন অন্য কোনো ধরনের গান বা কবিতার পরিবেশন আবেদনকারী করতে পারবেন না। আবেদন পত্রের সঙ্গে Recent Biodata সংযুক্ত করতে পারেন। আবেদনকারী শিল্পীর ন্যূনতম বয়স ১৮ বছর হতে হবে। সমবেত অনুষ্ঠানের ক্ষেত্রেও সকল শিল্পীদের ন্যূনতম বয়স ১৮ হতে হবে। সমবেত / দলগত অনুষ্ঠানের ক্ষেত্রে শিল্পী সংখ্যা সর্বনিম্ন ৬ এবং সর্বাধিক ১০ জনের মধ্যে রাখতে হবে।

আবেদন পত্রের সঙ্গে শুধুমাত্র তানপুরায় নিজের / দলগতভাবে গাওয়া দুটি নজরুল সংগীত (একক কণ্ঠসংগীত এবং সমবেত অনুষ্ঠানের ক্ষেত্রে) জমা দিতে হবে। রেকর্ডিং-এ কোনো প্রকার Equalizer-এর প্রয়োগ বা Reverb-এর ব্যবহার যেন না থাকে। রেকর্ডিং এর ক্ষেত্রে শিল্পীর / শিল্পীদের ভিডিও ফাইল জমা দিতে হবে। শুধু অডিও ফাইল গৃহীত হবে না।

মাইক্রোফোন ব্যতীত খালি গলায় একক / দলগত আবৃত্তির রেকর্ডিং জমা দিতে হবে। কোনো প্রকার Equalizer এর প্রয়োগ, Reverb-এর ব্যবহার যেন না থাকে। রেকর্ডিং এর ক্ষেত্রে শিল্পীর / শিল্পীদের ভিডিও ফাইল জমা দিতে হবে। শুধু অডিও ফাইল গৃহীত হবে না।

নৃত্য পরিবেশনার ক্ষেত্রে যথাযথ Costume-এর ব্যবহার ছাড়াও আবেদনকারীগণ খেয়াল রাখবেন Background যেন সুরুচিপূর্ণ হয়। কোনো প্রকার Video Editing বা দুটি ক্যামেরার ব্যবহার যেন না থাকে। সামনে থেকে একটিমাত্র ক্যামেরা ব্যবহার করে সম্পূর্ণ নৃত্য পরিবেশন করতে হবে। যে নজরুল সংগীতের সাথে নৃত্য পরিবেশিত হবে সেটি যাতে স্পষ্টভাবে শ্রুতিগোচর হয় সেদিকে আবেদনকারীর খেয়াল রাখবেন।

নজরুলের নাটক পরিবেশনায় ইচ্ছুক নাট্যদল নজরুল-সৃষ্ট যে কোনো একটি নাটকের একটি দৃশ্যের ভিডিও জমা দেবেন। সময়সীমা অনধিক ১৫ মিনিট।

বিশ্ববিদ্যালয়-কর্তৃক মনোনীত Selection Board-এর সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

আগামী ১২ ফেব্রুয়ারি ২০২৪ থেকে ১৫ মার্চ ২০২৪ তারিখ বিকেল ৫:৩০টার মধ্যে *Research Associate, Nazrul Centre for Social and Cultural Studies (NCSCS), Administrative Building, Room No. 111, Kazi Nazrul University, Kalla More, Nazrul Road, Near Kalla Hospital (C. H.), Asansol - 713340, Paschim Bardhaman, West Bengal* ঠিকানায় আবেদনপত্র-সহ পেনড্রাইভ / CD পাঠাবেন অথবা nazrulmela.2024@gmail.com-এ ই-মেল করে পাঠাতে পারেন।

Soumalya Mukherjee
সম্পাদক
09/02/2024



09/02/2024
যুগ্ম-সমন্বয়কারী

নজরুল মেলা সমিতি, ২০২৪

নজরুল মেলা সমিতি, ২০২৪